

নথি নং-এস-২৩/আমদানি-০৯(অংশ-৪)

## বিষয়ঃ- প্রাক বাজেট সতর্কতামূলক ব্যবস্থা গ্রহণ প্রসঙ্গে।

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, আগামী ০১/০৬/২০১৭ইং তারিখে ২০১৭-২০১৮ অর্থবছরের বাজেট ঘোষণা হতে যাচ্ছে। পূর্বের ন্যায় এবারের বাজেটেও আমদানিকৃত পণ্যের শুল্কহারের ক্ষেত্রে পরিবর্তনের সম্ভাবনা থাকায় সতর্কতামূলক ব্যবস্থা হিসেবে নিম্নর্ণিত কার্যক্রম গ্রহণের জন্য নির্দেশনা প্রদান করা হল ৪-

- (ক) আগামী ২৮/০৫/২০১৭ ইং তারিখ হতে ৩১/০৫/২০১৭ ইং তারিখ পর্যন্ত পণ্যবাহী জাহাজের বন্দরে আগমন নিশ্চিত হওয়া সাপেক্ষে অনলাইনে দাখিলকৃত IGM এর রেজিস্ট্রেশন প্রদান করা হবে। IGM শাখার উচ্চমান সহকারী কোন জাহাজের বিপরীতে দাখিলকৃত মেনিফেস্ট এর রেজিস্ট্রেশন প্রদানের পূর্বে ঐ জাহাজ বাংলাদেশের জলসীমায় প্রবেশ করেছে কিনা তা নিশ্চিত হয়ে IGM শাখার দায়িত্বপ্রাপ্ত সহকারী কমিশনারের অনুমোদন সাপেক্ষে রেজিস্ট্রেশন প্রদান করবেন।
- (খ) ইতোমধ্যে যে সকল আই.জি.এম এর রেজিস্ট্রেশন প্রদান করা হয়েছে সে সকল IGM এর ক্ষেত্রে জাহাজ বন্দরে আগমন নিশ্চিত হওয়া সাপেক্ষে Bill of Entry দাখিলের অনুমতি প্রদান করা হবে। বিষয়টি নিশ্চিত করার জন্য IGM শাখার উচ্চমান সহকারী যে সকল জাহাজ এখনও বন্দরে আসে নাই কিন্তু রেজিস্ট্রেশন প্রদান করা হয়েছে সে সকল জাহাজের একটি তালিকা প্রস্তুত করবেন। তালিকা অনুযায়ী IGM শাখার দায়িত্বপ্রাপ্ত সহকারী কমিশনার সংশ্লিষ্ট IGM/Bill of Lading সমূহ ব্লক করে রাখবেন। পরবর্তীতে জাহাজ বন্দরে আগমন নিশ্চিত হওয়া সাপেক্ষে IGM/Bill of Lading সমূহ আনন্দক করে Bill of Entry দাখিলের জন্য উন্মুক্ত করবেন।
- (গ) বাজেট ঘোষণার পূর্বদিন অর্থাৎ ০১/০৫/২০১৭ ইং তারিখ বিকাল ০৫.০০ টা হতে পরের দিন অর্থাৎ ০১/০৬/২০১৭ ইং সকাল ৯.০০ টা পর্যন্ত অনলাইনে Bill of Entry দাখিলের কার্যক্রম বন্ধ থাকবে। ন্যাশনাল প্রজেক্ট ম্যানেজার, AWIP, জাতীয় রাজস্ব বোর্ড, সেগুন বাগিচা, ঢাকা বিষয়টি নিশ্চিত করবেন।
- (ঘ) ঘোষিত বাজেটে যে সকল পণ্যের ক্ষেত্রে প্রযোজ্য H.S. Code (Tariff Line) এর বিপরীতে শুল্ক/কর পরিবর্তন(হোস/বৃদ্ধি) করা হবে, সে সকল ক্ষেত্রে ০২/০৬/২০১৭ ইং হতে ৩০/০৬/২০১৭ ইং তারিখ পর্যন্ত দাখিলকৃত Bill of Entry (B/E) সাময়িক শুল্কায়ন করতে হবে এবং শুল্কায়িত Bill of Entry (B/E) “সাময়িক শুল্কায়িত” মর্মে সীল প্রদান করতে হবে। এছাড়া সংশ্লিষ্ট বিল অব এন্সেন্সের Inspection Act-এ সাময়িক শুল্কায়নের বিষয়টি লিপিবদ্ধ রাখতে হবে। অতঃপর বাজেট চূড়ান্তভাবে অনুমোদনের পর চূড়ান্ত বাজেট দলিলাদির ভিত্তিতে চূড়ান্ত শুল্কায়ন করতে হবে।
- (ঙ) শুল্কহারের পরিবর্তন (যদি থাকে) এ্যাসাইকুড়া ওয়ার্ল্ড সিস্টেমে আপডেট না হওয়া পর্যন্ত ০১-০৬-২০১৭ ইং তারিখের পরে দাখিলকৃত কোন বি/ই শুল্কায়ন করা যাবে না। শুল্ক হারের পরিবর্তন (যদি থাকে) ASYCUDA System এ আপডেট না হওয়া পর্যন্ত বাজেট দলিলাদির মুদ্রিত কপি দেখে শুল্ক হার সম্পর্কে নিশ্চিত হয়ে এসিস্ট্যান্ট কমিশনার অব কাস্টমস এবং নিম্নে নয়, এমন কর্মকর্তা পর্যায়ে শুল্কায়ন করতে হবে। প্রয়োজনে আইন অনুযায়ী সরকারের রাজস্ব সুরক্ষা হয় এমন ব্যবস্থা গ্রহণ সাপেক্ষে সাময়িক শুল্কায়ন করতে হবে।
- (চ) কোন IGM সংশ্লিষ্ট Bill of Lading এর বিপরীতে ০১/০৬/২০১৭ ইং তারিখের পূর্বে দাখিলকৃত Bill of Entry যেন ০১/০৬/২০১৭ ইং তারিখের পরে পুনরায় দাখিল করা না হয় তা সিস্টেমে নিশ্চিত করতে হবে। এ্যাসাইকুড়া ওয়ার্ল্ড টাই এবং কাস্টম হাউস, চট্টগ্রামের সিস্টেম এ্যানালিস্ট/ এ্যাসিস্ট্যান্ট প্রোফেশনাল এ বিষয়ে ব্যাবস্থা নিবেন।
- (ছ) এস আর ও নং-৩০১-আইন/২০১৬/৬৭/ কাস্টমস তারিখ: ০১.১১.২০১৬ খ্রি এর যেসব H.S. Code এর বিপরীতে Minimum Value রয়েছে সেসব পণ্যের শুল্কায়ন বিশেষ ক্ষেত্রে সাবধানতা অবলম্বন করতে হবে।

২। এ আদেশ জনস্বার্থে জারী করা হ'ল।

-৮৩-

এ এফ এম আবদুল্লাহ খান

কমিশনার অব কাস্টমস

কাস্টম হাউস, চট্টগ্রাম।

নথি নং-এস-২৩/আমদানি-০৯(অংশ-৪)

তারিখ: ০৫/২০১৭ইং

অনুলিপি সদয় অবগতির জন্যঃ-

- ১। সদস্য ( শুল্কঃ নীতি), জাতীয় রাজস্ব বোর্ড, সেগুন বাগিচা, ঢাকা।
  - ২। সদস্য ( শুল্কঃ রঞ্জনী, বড় আইটি) ও প্রকল্প পরিচালক , AWIP, জাতীয় রাজস্ব বোর্ড, সেগুন বাগিচা, ঢাকা।
  - ৩। এডিশনাল কমিশনার (সকল), কাস্টম হাউস, চট্টগ্রাম।
  - ৪। ন্যাশনাল প্রজেক্ট ম্যানেজার, জাতীয় রাজস্ব বোর্ড, সেগুন বাগিচা, ঢাকা।
  - ৫। জয়েন্ট কমিশনার (সকল), কাস্টম হাউস, চট্টগ্রাম।
  - ৬। ডেপুটি এ্যাসিস্ট্যান্ট কমিশনার (সকল), কাস্টম হাউস, চট্টগ্রাম।
  - ৭। রেভিনিউ অফিসার (সকল), কাস্টম হাউস, চট্টগ্রাম।
  - ৮। এসিস্ট্যান্ট প্রোফেশনাল, কাস্টম হাউস, চট্টগ্রাম।
  - ৯। ট্রেজারী শাখা, কাস্টম হাউস, চট্টগ্রাম।
- ১০। সভাপতি/সাধারণ সম্পাদক, সি এন্ড এফ এজেন্টস এসোসিয়েশন, সি এন্ড এফ টাওয়ার, শেখ মুজিব রোড, আঢ়াবাদ, চট্টগ্রাম।
- ১১। সভাপতি/সাধারণ সম্পাদক, শিপিং এজেন্টস এসোসিয়েশন, চিটাগাং স্টক এন্টেচেঞ্জ বিল্ডিং, আঢ়াবাদ, চট্টগ্রাম।
- ১২। সভাপতি/সাধারণ সম্পাদক, বাংলাদেশ কটেজিনার শিপিং এজেন্টস এসোসিয়েশন, রশিদ বিল্ডিং, স্ট্রান্ড রোড, চট্টগ্রাম।
- ১৩। সভাপতি/সাধারণ সম্পাদক, বাংলাদেশ ফ্রেইট ফরওয়ার্ডার্স এসোসিয়েশন, হাসনা টাওয়ার (৪ষ্ঠ তলা), ১১১০/বি, আঢ়াবাদ বা/এ, চট্টগ্রাম।
- ১৪। অফিস কপি।

১০৫